# সূচি


জেলা ব্র্যান্ড বুক সুনামগঞ্জের অধ্যায়ভিত্তিক বিভাজন সমূহঃ
সুনামগঞ্জ জেলার পরিচিতি
সুনামগঞ্জ জেলার ব্র্যান্ডিং লোগো ও ট্যাগলাইনের পরিচিতি
সুনামগঞ্জের প্রশাসনিক পরিচিতি
সুনামগঞ্জের উপজেলাভিত্তিক পরিচিতি
জেল ব্র্যান্ডিং এর প্রেক্ষাপট
মুক্তিযুদ্ধ ও জাতীয় চেতনাঃ
সুনামগঞ্জে বঙ্গবন্ধু
সুনামগঞ্জের চারটি মুক্তি উপত্যকা
সুনামগঞ্জে মুক্তিযুদ্ধের গল্প
রাণীগঞ্জ ও পিটিআই বদ্ধভূমি
সরকারি কলেজের স্মৃতি সৌধ ও কেন্দ্রীয় শহীদ মিনার
ছাতকের শতশিখা
ট্যাংরাটিলা বিজয় ৭১
হোসেন বখত চত্তরের সৌধ
শহীদ বীর মুক্তিযোদ্ধা জগতজোতি লাইব্রেরী
পর্যটন ও প্রাকৃতিক সৌন্দর্যঃ
টাঙ্গুয়ার হাওর
অন্যান্য হাওর (নাম ও ছবি)
যাদুকাটা নদী
নিলাদ্রী লেক (শহীদ সিরাজ লেক)
শিমুল বাগান
বারেকের টিলা
বিকি বিল (শাপলার বিল)
সুরমা ও অন্যান্য নদী (নাম ও ছবি সহ)
রিভারভিউ পার্ক
অতিথি পাখি
বিশ্বম্ভরপুর ও দোয়ারাবাজার রাবার ড্যাম
ঐতিহ্য যাদুঘর ,ডিসি পার্ক
ছাতক সিমেন্ট ফ্যাক্টরি
লাফার্জ সিমেন্ট ফ্যাক্টরি
সুনামগঞ্জের লোকসংস্কৃতিঃ
চার প্রধান লোককবি
সুনামগঞ্জের গান ও বাউল সংস্কৃতি
জেলা শিল্পকলা একাডেমি
অন্যান্য বাউল উৎসব
ধামাইল গান
গাজীর গান
পদ্ম পুরান গীতি
সুনামগঞ্জের কৃষি সম্পদঃ
*সুনামগঞ্জের ধান (ছবি, হাওরের ধান বপন, বড় হওয়া , কর্তন, কাটার পর কৃষকের হাসি ইত্যাদি)- বর্ণনাসহ এবং বিভিন্ন হাওরের
* সুনামগঞ্জের মাছ ( জলমহালের বর্ননা, মাছ ধরা, মাছের খলা, কি কি ধরণের মাছ পাওয়া যায়, মাছের প্রক্রিয়াকরণ, মাছের আড়ত ইত্যাদি)
তরমুজ, সূর্যমুখি, আনারস ও কমলার ছবি
সুনামগঞ্জে পশু পালন (হাঁস, মহিষ, ভেড়া ইত্যাদি)

সুনামগঞ্জের প্রাকৃতিক ও খনিজ সম্পদঃ
সুনামগঞ্জের বালু মহাল (বালু মহাল সমূহের নাম ও তালিকা সহ), বালু উত্তোলন ও পরিবহন
সুনামগঞ্জের খনিজ সম্পদ ম্যাপিং
সুনামগঞ্জের পাথর
কয়লা ও চুনাপাথর
সিমেন্ট ফ্যাক্টরি


সুনামগঞ্জের জীবন ও জীবিকাঃ
সুনামগঞ্জের মানুষের জীবন যাত্রার প্রতিচ্ছবি (সকল ঋতুর একটি করে ছবি থাকবে)
সুনামগঞ্জের নৌকা
সুনামগঞ্জের খাবার
সুনামগঞ্জের জি আই প্রোডাক্ট
পাথর ও বালু শ্রমিকদের জীবন
বর্ডার হাটের মাধ্যমে ক্রয় বিক্রয়
নৌকায় ফেরি বিক্রি
নৌকায় বিয়ের যাত্রা
ঘোড়ার গাড়ি ও অন্যান্য গ্রামীন পরিবহন

সুনামগঞ্জের নৃগোষ্ঠীঃ
জুমগাও এর ক্ষুদ্র নৃগোষ্ঠী
ছাতক ইসলামপুরের ক্ষুদ্র নৃগোষ্ঠ
গারো , হাজং ও খাসিয়া

সুনামগঞ্জের পুরাকীর্তিঃ
গৌরারং জমিদার বাড়ী
দিরাই ভাটিপাড়া জমিদারবাড়ী
হলহলিয়ার জমিদার বাড়ী
লাউরের গড় এলাকা
সুখাইড় রাজাপুর জমিদার বাড়ী

সুনামগঞ্জে ধর্মীয় আচার অনুষ্ঠান ও প্রতিষ্ঠানঃ
পন তীর্থ
চড়ক পূজার উদযাপন
শাহ আরেফিনের মাজার
আছিম শাহের মাঝের
পাগলা মসজিদ
কোর্ট মসজিদ
নারায়নতলা মিশন
ধল মেলা
কেন্দ্রীয়কালি বাড়ি পূজা মন্ডপ
রামকৃষ্ণ মিশন সুনামগঞ্জ

সুনামগঞ্জের সরকারী স্থাপনাসমূহ
জেলাপ্রশাসকের কার্যালয়
পুলিশ সুপারের কার্যালয়
সার্কিট হাউস সুনামগঞ্জ
অফিসার্স ক্লাব সুনামগঞ্জ
আব্দুজ জহুর সেতু
তিন বছর মেয়াদী কর্মপরিকল্পনা
বিজ্ঞাপনসমূহ
হাওড়ের দিন বদলের গল্প


সুনামগঞ্জ জেলা
INDIA
SYLHET ZILA
HABIGANJ ZILA
KISHOREGANJ ZILA
Zila Index of Bangladesh
LEGEND : সূচক
Sunamganj Zila Statistics
Scale : 1: 150,000, 1 C.M. = 1.50 K.M.

# জেলা পরিচিতি

# Introduction to the district



ডলুরা শহিদ স্মৃতিসৌধ Dolura Memorial



বাশতলা শহিদ স্মৃতিসৌধ Bashtola Memorial

বাংলাদেশের উত্তর পূর্ব সীমান্তে খাসিয়া জৈন্তা পাহাড়ের কোল ঘেঁষে সুনামগঞ্জ জেলার অবস্থান। এ জেলার উত্তরে রয়েছে ভারতের মেঘালয়, দক্ষিণে হবিগঞ্জ জেলা, পূর্বে সিলেট জেলা এবং পশ্চিমে নেত্রকোনা জেলা।

কথিত আছে যে, জনৈক মোঘল সিপাহী সুনাম উদ্দিন এর নামানুসারে সুনামগঞ্জের নামকরণ করা হয়েছিল। কোন এক যুদ্ধে বীরোচিত কৃতিত্বের জন্য সম্রাট কর্তৃক সুনামদিকে (সুনাম উদ্দিন) এখানে কিছু ভূমি পুরস্কার হিসাবে দান করা হয়। উক্ত মোগল সৈন্য সুরমা নদীর তীরের সেই জমিতে সুনামগঞ্জ বাজার নির্মাণ করেন। এভাবে সুনামগঞ্জ নামের ও স্থানের উৎপত্তি হয়েছিল বলে ধারণা করা হয়ে থাকে।

সুনামগঞ্জ মহকুমা প্রতিষ্ঠিত হয় ১৮৭৭ খ্রি.। সুনামগঞ্জ জেলার প্রথম মহকুমা প্রশাসক ছিলেন মি. ব্ল্যাক। বর্তমানে সুনামগঞ্জ ১১ টি উপজেলা ও ১২ টি থানা নিয়ে গঠিত। এ জেলার আয়তন ৩৭৪৭.১৮ বর্গ কি.মি.।



টেকেরঘাট শহিদ স্মৃতিসৌধ Tekerghat Memorial



মহেষখলা শহিদ স্মৃতিসৌধ Moheshkhola Memorial

The position of Sunamganj district is on the northeast border of Khasia Jainta hills. The district is north of Meghalaya, Habiganj district on the south, Sylhet district on the east and Netrokona district on the west.

It is said that Sunamganj was named after a Mughal soldier named 'Sunam Uddin'. For some of the heroic achievements in a war, the emperor donated to Sunam Uddin some land as a rewards. The Mughal army built Sunamganj Bazar on the bank of Surma river. By this process Sunamganj and the origin of this place are originated.

Sunamganj Sub division was established in 1877 AD. Sunamganj district's first sub-divisional officer was Mr. Black. Currently Sunamganj consists of 11 upazilas and 12 thanas. The area of this district is 3747.18sq km.



টাঙ্গুয়ার হাওর Tanguar Haor



শিমুল বাগান Shimul Orchard



যাদুকাটা নদী Jadukata River



নিলাদ্রী লেক Niladri Lake




মরমী কবি হাছন রাজা



লোককবি রাধারমণ দত্ত







বাউল সম্রাট শাহ আবদুল করিম



লোক কবি দুর্বিন শাহ




সুনামগঞ্জ জেলায় নির্বাচনী এলাকা ০৫ টি। এ জেলায় ০৪টি পৌরসভা আছে। ইউনিয়ন আছে ৮৮টি এবং মৌজার সংখ্যা ১৫৩৫টি। নগরায়নের হার ১০.৩৮%। বার্ষিক বৃষ্টিপাত ৩৩৩৪ মি.মি.। বার্ষিক গড় তাপমাত্রা সর্বোচ্চ ৩৩.২° সেলসিয়াস, সর্বনিম্ন ১৩.৬° সেলসিয়াস। সরকারি হাসপাতালের সংখ্যা ১২টি এবং স্বাস্থ্য কেন্দ্র ২২টি।

সুনামগঞ্জ জেলায় মোট ২৬টি নদী এবং ৯৫টি হাওর আছে।পর্যটন শিল্পের অপার সম্ভাবনার লীলাভূমি এই সুনামগঞ্জ এ অবস্থিত প্রসিদ্ধ স্থানসমূহ হচ্ছে টাংগুয়ার হাওর, হাছন রাজার বাড়ি, লাউড়ের গড়, ডলুরা স্মৃতিসৌধ, টেকেরঘাট স্মৃতিসৌধ, বাঁশতলা (হকনগর) স্মৃতিসৌধ, মহেষখলা স্মৃতিসৌধ, পাগলা মসজিদ, দোহালিয়া জমিদার বাড়ি, ধলমেলা অনুষ্ঠান স্থল, টেকেরঘাট চুনাপাথর খনি প্রকল্প, পনাতীর্থ ধাম, গৌরারং জমিদারবাড়ি, নারায়ণতলা মিশন, টেংরাটিলা গ্যাস ফিল্ড, টাউনহল জামে মসজিদ, সৈয়দ উমেদ হারুন বোগদাদী (রহঃ) মাজার, শহিদ সিরাজ লেক (নিলাদ্রী লেক), হলহলিয়া জমিদার বাড়ি, পাইলগাঁও জমিদার বাড়ি, শিমুল বাগান, যাদুকাটা নদী, বারিক টিলা ইত্যাদি।


The Number of Election area 05. There are 04 municipalities in this district. The union 88 has 1535 mouzas. Urbanization rate is 10.38%. Annual rainfall is 3334 mm. Annual average temperature is $33.2^0$ Celsius, minimum is $13.6^0$ Celsius. Number of government hospitals are 12 and health centers 22.

Sunamganj district has 26 rivers and 95 haors. This district is the entertaining place of the tourism industry. The famous places located in Sunamganj are Tangar Haor, House of Hashan Raja, Laurgor, Dolura Memorial Monument, Tekerghat Memorial Monument, Bashtola (Haque Nagar) Memorial Monument, Moheshkhola Memorial Monument, Pagla Mosque, Dohaliya Zamindar House, Takerghat Limestone Mine Project, Pannatirtha Dham, Gourarang Zamindarbari, Narayantala Mission, Tengratila Gas Field, Town Hall Jami Mosque, majar of Syed Umed Haroon Bogdadi, Holholia Jamidar Palace, Pailgaon Jamidar Palace, Shimul Orchard, Jadukhata River, Barik Tila etc.

# ব্র্যান্ডিংয়ের লোগো এবং ট্যাগ লাইন পরিচিতি

হাওরকন্যা সুনামগঞ্জের মাছ, ধান আর গান
সুরমা তীরে এনেছে মুক্তিযুদ্ধে প্রাণ

সুনামগঞ্জ জেলা ব্র্যান্ডিং এর লোগোটিতে হাওর শুধু অপূর্ব সুনামগঞ্জকে প্রতিনিধিত্ব করেনা বরং একই সাথে হাওর পারের জীবন জীবিকার ও প্রতিচ্ছবিও বটে। সুনামগঞ্জে ছোট বড় মিলিয়ে প্রায় ৬৫ টি হাওর অবস্থিত যা সুনামগঞ্জকে বাংলাদেশের ৬৩টি জেলা থেকে অনন্য করেছে। এক এক ঋতুতে হাওর এক এক রূপে ধরা দেয়। বর্ষার সময় এখানে সমুদ্রের মত ঢেউ খেলে এবং মনে হয় গ্রামগুলো পানির উপর ভেসে রয়েছে। যেদিকে দৃষ্টি যায় পানি আর পানি তখন গ্রামগুলোকে মনে হয় এক একটি ছোট ছোট দ্বীপ। আবার শীতকালে অতিথি পাখির কলতানে মুখরিত থাকে হাওর । তারই প্রেক্ষিতে জেলা ব্র্যান্ডিং এ সুনামগঞ্জকে হাওর কন্যা বলা হয়েছে।




হাওরের রূপ রেখা পরিবর্তনের সাথে সাথে পরিবর্তিত হয় হাওর পাড়ের মানুষের জীবন। এইসব হাওরগুলো মাছের আধার। শুধুমাত্র টাংগুয়ার হাওরেই প্রায় ২০০ প্রজাতির মাছ পাওয়া যায়। বাংলাদেশের মৎস্য সম্পদেরও সবচেয়ে বড় আধার এ জেলা ধান উৎপাদনেও উদ্বৃত্ত। এ জেলার অধিবাসীদের চাহিদা পূরণ করে প্রতিবছর ধান নিকটবর্তী জেলায় সরবরাহ করা হয়ে থাকে।

শাহ আব্দুল করিম, রাধারমণ দত্ত, হাসন রাজা, দুর্বিন শাহ প্রমুখ সাধকের দেশ এই সুনামগঞ্জ। লোগোর নিচের দিকে একতারা হাতে বাউল সুনামগঞ্জের গানের ইতিহাস ও ঐতিহ্যকে তুলে ধরেছে। পল্লী ও লোকসংস্কৃতিতে আমরা পাই মাঝির ভরাট গলার গান, রাখালের বাঁশির সুর। এছাড়া বাউল, পীর, ফকির, দরবেশ, বৈষ্ণব-সন্ন্যাসীদের অসংখ্য সৃষ্টিশীল গান যা মানুষকে পরমেশ্বরের সন্ধান পেতে সাহায্য করে। এই জেলার পরতে পরতে ছড়িয়ে আছে সুরের আশ্চর্য মায়াজাল। এখানে আবাল বৃদ্ধ-বনিতা সকলেই যেন গানের পাখি।

আবার এই সুনামগঞ্জেই রয়েছে মুক্তিযুদ্ধের বলিষ্ঠ কণ্ঠের সোচ্চার। লোগোতে অবস্থিত বাঁশতলা (হকনগর) স্মৃতিসৌধ এ অঞ্চলের

# Description of Logo and Tag line for Branding

*Fish, Paddy and Music of Sunamganj, daughter of Haor have brought the spirit in the liberation war to the Surma shore*

Haor not only represents Sunamganj in the district branding logo, but the life and livelihood of people are reflected by this logo . In Sunamganj, there are about 65 haors, which make Sunamganj unique from 63 districts of Bangladesh. Haor in one season is different from other season. During the rainy season, the waves are like waves of the ocean and it appears that the villages are floating on water. Wherever the eyes go there are water everywhere. Villages appear as small islands. Again in the winter the haor are resounded by the birds tweeter. In this context, the district branding is called Sunamganj as The 'Daughter of Haor'.

Haor's changes brings about change in the lives of persons who live on the bank of haor. The Haors are abundant with fish species. In Tanguar haor only, about 200 species of fish are found. district is the largest reservoir of fish resource in Bangladesh and also is surplus of rice. Fresh water Every year the rice is supplied to the neighboring districts after fulfilling the needs of the locals of this district.

Sunamganj is the land of Shah Abdul Karim, Radharaman Dutta, Hason Raja, Durbin Shah and others. At the bottom of the logo, a Baul has highlighted the history and tradition of Sunamganj's song. In their creation we found rural and folk culture, the flute tune of the shepherd. Besides, numerous Baul, Pir, Fakir, Saints, Vaisnava-Monks have numerous creative songs that help human to reach close to the God. The district is surrounded by edgy songs . Most People in this district sing like singing bird.

Again this Sunamganj was strongly active during the liberation war. The Bashtola Memorial on the logo highlighted the strong role of the freedom fighters in this region during liberation war.





নদী ও হাওর বিধৌত শহর সুনামগঞ্জ
Sunamganj is a City of River and Haor

# সুনামগঞ্জে বঙ্গবন্ধু

# মুক্তিযুদ্ধে সুনামগঞ্জ
# Liberation War at Sunamganj

স্বাধীনতাযুদ্ধে সুনামগঞ্জ জেলা ছিল জাতীয়ভাবে বিভক্ত সেক্টর-৫ এর অন্তর্গত। সেক্টর কমান্ডার ছিলেন মেজর মীর শওকত আলী। এই সেক্টরের অর্ন্তভুক্ত সাব সেক্টরগুলো ছিল বালাট সাব-সেক্টর, সেলা সাব-সেক্টর, ভোলাগঞ্জ সাব-সেক্টর, টেকেরঘাট সাব-সেক্টর, মহেষখলা সাব-সেক্টর।

সুনামগঞ্জ জেলা স্বাধীন বাংলা সংগ্রাম পরিষদ মুক্তিযুদ্ধের সূচনা থেকে শেষ পর্যন্ত গৌরবজ্জ্বল ভূমিকা পালন করেছে। একই ভাবে অবদান রেখেছে এ জেলার সংগ্রামী ছাত্র জনতা ও সর্বস্তরের জনগণ। অনন্য উদাহরণ সৃষ্টি করেছে এ জেলার হাজার হাজার মুক্তিযোদ্ধা। বার বার মোকাবিলা করেছে পাক হানাদার বাহিনীকে। মুক্ত রেখেছে জেলার অধিকাংশ স্থান। এ জেলায় মুক্তিযুদ্ধে অংশ গ্রহণ করেছে পুলিশবাহিনীর কিছু সদস্য ও ই.পি.আর। অনেক রাজনৈতিক নেতা-কর্মী পালন করেছেন সংগঠনের গুরুদায়িত্ব।

Sunamganj was included in sector 5 during the liberation war. Sector commander was Major Mir Shawkat Ali. Balat. Shela, Barachara, Bholaganj, Tekerghat, Maheshkhala sub sectors were part of this sector.

From the beginning of the liberation war, the Sunamganj zila shadhin bangla sangram parishad is playing an important role here. Students and other people contributed too. Thousands freedom-fighters made example of their dedication and scarifies. They faced Pakistani military fearlessly and freed many regions of this district. Many members of the police and E.P.R also joined as the Freedom fighters. political leaders also took an important part in organizational works.









## ডলুরা স্মৃতিসৌধ

১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে নিহত আটচল্লিশ জন শহীদ মুক্তিযোদ্ধার গণসমাধি। ডলুরা সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ সদর উপজেলাধীন জাহাঙ্গীরনগর ইউনিয়নের অন্তর্গত, মেঘালয় সীমান্তবর্তী গারো আদিবাসী-অধ্যুষিত একটি গ্রাম।

৪৮ জন শহীদদের স্মৃতিরক্ষার্থে নির্মিত হয় এই ডলুরা স্মৃতিসৌধ। এ গণকবর বেশ যত্নের সাথে সংরক্ষণ করা হয়েছে। শুধু ঐতিহাসিক কারণে নয়, প্রাকৃতিক সৌন্দর্যের কারণেও ডলুরা দর্শনার্থীদের আকৃষ্ট করে। শহরের নবীনগর নামক স্থান থেকে সুরমা নদী খেয়া যোগে পার হয়ে হালুয়াঘাট থেকে অথবা শহরের বালু মাঠ নৌকা ঘাট থেকে ইঞ্জিন নৌকা যোগে হালুয়াঘাট থেকে রিক্সা অথবা টেম্পু যোগে ৫/৬ কিঃ মিঃ পথ অতিক্রম করে ভারতীয় সীমান্তের কাছাকাছি ডলুরা নামক স্থানে পৌঁছতে হয়। সম্প্রতি সমাধি ক্ষেত্রটির ৪৮ জন বীর শহিদের তথ্য যাচাইপূর্বক এর ব্যাপক সৌন্দর্য উন্নয়ন সাধিত হয়েছে।

## Dolura Memorial

Dolula is a Garo tribal village located under Jahangirnagar union of Sunamganj Sadar upazilla encircled by Meghalaya, India. During the Liberation War in 1971, forty-eight freedom fighters were buriedin this village.

The mass graveyard of the martyrs is preserved and in memory of the supreme sacrifices made by the martyrs, a memorial has been built in Dolura. Not only due to historical reasons, but also Dulura attractes tourist for its own natural beauty.

There are two routes to reach Dolura, one is by reaching Haluaghat from Nabinagar by expediting through the Surma river via a ferry and then travelling about 5-6 kilometers by rickshaw or tempo; and another route is to travel using an engine boat from Balumaat to Haluaghat and then similarly travelling about 5-6 kilometers by rickshaw or by tempo. Recently, the information of 48 martyrs have been verified, the burial cemetery have been renovated.





বাঁশতলা স্মৃতিসৌধ
Bashtala Memorial



## বাঁশতলা স্মৃতিসৌধ

সুনামগঞ্জ এবং বৃহত্তর ময়মনসিংহ সীমান্তবর্তী অঞ্চল নিয়ে মুক্তিযুদ্ধের পাঁচ নম্বর সেক্টর। পাঁচ নম্বর সেক্টরের দায়িত্বপ্রাপ্ত কমান্ডার ছিলেন মেজর মীর শওকত আলী। পাঁচ নম্বর সেক্টরের সাবসেক্টর ছিল সুনামগঞ্জ জেলার বাঁশতলা।

এখানকার সাবসেক্টর কমান্ডার ছিলেন ক্যাপ্টেন হেলাল উদ্দিন। পাহাড়বেষ্টিত বাঁশতলা এলাকায় এবং তার আশপাশে মুক্তিযুদ্ধে যাঁরা শহীদ হন, তাঁদের সমাহিত করা হয় বাঁশতলার এই নির্জনে। সেই স্মৃতিকে অম্লান করে রাখার জন্য নির্মাণ করা হয় বাঁশতলা স্মৃতিসৌধ ।

## Bashtala Memorial

The fifth sector of the war of liberation included Sunamganj district along with greater Mymensingh border area. Major Mir Showkat Ali was the commandar of the fifth sector of the liberation war.

Bashtala was the sub-sector under the fifth sector command. Captain Helal Uddin was the commandant of the sub-sector, Bashtala. Freedom fighters who lost their lives during the liberation war inside and near Bashtala sub-sector were buried in this quiet area of Bashtala. In order to present due respect to the freedom fighters, a memorial has been built.



## টেকেরঘাট স্মৃতিসৌধ

১৯৭১ সালে চারিদিকে যখন যুদ্ধের দামামা বেজে ওঠে ভারতের লাগোয়া এই টেকেরঘাট হয়ে ওঠে ৫ নং সেক্টরের অধীনে একটি সাব সেক্টর। হাওরবেষ্টিত সুনামগঞ্জের অন্যান্য উপজেলা থেকে এই খনি এলাকাটি ছিল বিচ্ছিন্ন। ভারত সীমান্তের একদম কাছে হওয়ায় পাকিস্তানী বাহিনী এলাকাটি দখলে নেওয়ার চিন্তাও করেনি কখনো। তবে হাওর এলাকায় আধিপত্য বিস্তার করতে তাহিরপুর উপজেলা দখলে নেয় হানাদারেরা। শনির হাওর ও দেখার হাওরের মাঝামাঝি তাহিরপুর। টেকেরঘাট সাব সেক্টর থেকে মুক্তিযোদ্ধারা গেরিলা আক্রমণ করে গুঁড়িয়ে দেন পাকিস্তানীদের আস্তানা। এখানে মুক্তিযুদ্ধের স্মৃতিকে স্মরণ করতে নির্মিত হয়েছে একটি স্মৃতিসৌধ।

## Tekerghat Memorial

In 1971, when the liberation war raid took place adjacent to India, Tekerghat became a sub-sector under the fifth sector. This mine area was separated from other upazillas of Haor-based Sunamganj. The close proximity to Indian border provided inherent protection to the sub-sector as the Pakistani army did not even think of taking over the area. However, the Pakistani troops took control of Tahirpur upazilla to have more control over the Haor area.

Tahirpur is located in between of Shonir Haor and Dekar Haor. The freedom fighters from Tekerghat sub-sector launched a guerrilla attack and crushed the Pakistani base station. To remember the memory of the war of liberation, a memorial has been built here.



## মহেষখলা স্মৃতিসৌধ

ধর্মপাশা উপজেলার মধ্যনগর থানার বংশীকুণ্ডা (উত্তর) ইউনিয়নের মেঘালয় সীমান্তবর্তী এলাকায় অবস্থিত এই স্মৃতিসৌধটি। মুক্তিযুদ্ধের সময় এই এলাকাটি ১১নং সেক্টরের ১নং সাব-সেক্টরের অন্তর্ভুক্ত ছিল।

## Maheshkhala Memorial

This memorial is located in the border area of Meghalaya of India, namely Bongshikunda (North) union of Madhyanagar thana of Dharmapasha upazila. During the war of liberation, this area was included in sub-sector no.1 of sector 11.



শ্রী রামশ্রী বধ্যভূমি
Sree Ramsree Memorial




# বধ্যভূমি এবং শহিদ স্মৃতিসৌধ

## Mass killing Area & Memorials

সুনামগঞ্জ জেলার আটটি উপজেলায় মোট ১১টি বধ্যভূমি চিহ্নিত করা আছে। এর বাইরেও উদ্যোগের অভাবে চিহ্নিত করা যায়নি এমন বধ্যভূমিও রয়েছে সেগুলো জেলা প্রশাসনের উদ্যোগে চিহ্নিত করার কাজ চলছে। মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত আত্মত্যাগের গৌরবগাঁথা স্থানগুলো ও বধ্যভূমিগুলো যথাযথভাবে সংরক্ষণের লক্ষ্যে বধ্যভূমিতে নামফলক লাগানোর কাজ চলমান রয়েছে। জেলা প্রশাসনের উদ্যোগে বধ্যভূমিগুলোর সংরক্ষণ ও উন্নয়নের কাজ চলমান রয়েছে।

In Sunamganj district, a total of 11 deadly mass killing areas has been identified. Apart from this, district administration has taken initiative to identify other mass killing areas that were not detected earlier due to lack of initiatives. To preserve the glorious places and dead bodies of the freedom fighters and civilians who were killed during liberation war, the district administration, as part of its continuous activity, is erecting nameplates to keep record of the mass killing sites and the people who made supreme sacrifice for the liberation of the country.



রানীগঞ্জ বধ্যভূমি
Raniganj Mass killing Area



সুনামগঞ্জ সরকারি কলেজে নির্মিত শহীদ তালেব, গিয়াস ও জগৎজ্যোতির স্মৃতি সৌধ।
A Memorial of Martyr Taleb, Gias and Jagatjyoti in Sunamganj Govt. College




কেন্দ্রীয় শহীদ মিনার, সুনামগঞ্জ
Central Shahid Minar



পিটিআই স্কুলের উত্তর পশ্চিমাংশে শহীদদের স্মরণে স্মারক
Memorial of martyrs at north-west part of PTI School



শতশিখা, মাধবপুর বধ্যভূমি
Shatashikka, Madhobpur Mass Killing Area



টেংরাটিলা ‘বিজয় ৭১’
Tangratila 'Victory 71'



সুনামগঞ্জ পৌরসভা কর্তৃক নির্মিত “হোসেন বখত চত্বর”
Hossen Bakht Chatar is made by Sunamganj Municipal Corporation








## শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি পাবলিক লাইব্রেরি, সুনামগঞ্জ

১৯৫৯ সালের ১৭ জুন তারিখে সুনামগঞ্জ পাবলিক লাইব্রেরি নামে প্রথমে কার্যক্রম শুরু হয়। ১৯৭১ সালের স্বাধীনতার পর পর শহীদ মুক্তিযোদ্ধা জগৎজ্যোতি নামে নামকরণ করা হয়।

উক্ত পাঠাগারের প্রথম সভাপতি ছিলেন তৎকালীন মহকুমা প্রশাসক জনাব বি. আর. নিজাম। বর্তমানে পাঠাগারে বইয়ের সংখ্যা ১২,৪৯১ (বার হাজার চারশত একানব্বই) টি। এখানে নিয়মিত বিভিন্ন পত্রিকা পাঠকদের জন্য রাখা হয়।

পাঠাগারটিতে ২৪০ আসন বিশিষ্ট একটি আধুনিক মিলনায়তন রয়েছে। পাঠাগারটিতে ৫২৯ জন দাতা সদস্য রয়েছে। পাঠাগারটিতে হাতের লেখা কোরআন শরীফও রয়েছে।

## Shahid Freedom Fighter Jagat Jyoti Public Library Sunamganj

Shahid Freedom Fighter Jagat Jyoti Public Library started its journey on 17 June 1959 as Sunamganj Public Library. After post-independence, the library was renamed after Shahid Freedom Fighter JagatJyoti in 1971. The first chairman of the library was the then sub-divisional commissioner, Mr. B. R. Nizam. Currently, the number of books in the library totals to 12,491 (Twelve Thousand Four Hundred and Ninety-One) including printed and hand written Quran. Different newspapers including are collected and archived. The library has a modern auditorium which can accommodate 240 people. There are 529 donor members in this library.